

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, শেরেবাংলা নগর  
ঢাকা-১২০৭  
www.bteb.gov.bd

স্মারক নংঃ বাকাশিবে/ক(ডিপ)/২০১৬/৬২৬০

তারিখঃ ২৩ মার্চ, ১৪২৩ বঙ্গাব্দ  
০৫ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিষ্টাব্দ

**বিজ্ঞপ্তি**


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ২য়, ৪র্থ, ৬ষ্ঠ, ৭ম পর্বে পুনঃভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের তালিকা আবশ্যিকভাবে ২৩/০২/২০১৭ তারিখের মধ্যে নির্ধারিত ছকে সংশ্লিষ্ট অধ্যক্ষের দপ্তর হতে বাহক মারফত পরিচালক (কারিকুলাম) বরাবরে প্রেরণ করতে হবে। ২৩/০২/২০১৭ তারিখের পরে কোন আবেদন জমা নেয়া হবে না।

**নির্ধারিত ছকঃ**

ক্রম নং	শিক্ষা প্রতিষ্ঠানের কোড	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	শিক্ষার্থীর নাম	টেকনোলজি	রোল নং	পর্ব	সিকট	রেজিস্ট্রেশন নং	সেশন	যে প্রতিষ্ঠানের আওতাধীন ভর্তি হয়েছে তার নাম (২০১০)

**পুনঃভর্তির সাধারণ নিয়মাবলীঃ**

- ১। পুনঃভর্তির আবেদনের সাথে পূর্ববর্তী পর্বের প্রবেশ পত্র, নম্বরপত্র ও রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- ২। পুনঃভর্তিকৃতদের প্রবিধান ২০১০/২০১৬ অনুসরণ করতে হবে।
- ৩। প্রবিধান ২০১০-এর আওতাধীন ৪র্থ, ৬ষ্ঠ ও ৭ম পর্বে পুনঃভর্তি ইচ্ছুক শিক্ষার্থীদের প্রবিধানের সংশোধিত ধারা ৪.১৪.৫ মোতাবেক সাময়িকভাবে অধ্যয়নের অনুমতি প্রদানের প্রমাণকসহ আবেদন করতে হবে।
- ৪। প্রবিধান ২০১০-এর সংশোধিত ধারা ৪.১৪.৪ মোতাবেক ৩য়, ৫ম ও ৬ষ্ঠ পর্বে ৪(চার) বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থীগণ পরবর্তি সংশ্লিষ্ট পর্বে (৩য়, ৫ম ও ৬ষ্ঠ) অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণের পর অনুত্তীর্ণ হলে তারা পুনঃভর্তিকৃত প্রতিষ্ঠানের ৩য়, ৫ম ও ৬ষ্ঠ পর্বের অনিয়মিত শিক্ষার্থী হিসেবে গণ্য হবে ও পুনঃভর্তির আদেশ বাতিল বলে গণ্য হবে এবং প্রবিধানের ধারা ৪.১৪.৪ মোতাবেক ব্যবস্থা নিতে হবে।
- ৫। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবরে বোর্ড নির্ধারিত ব্যাংকে প্রতি শিক্ষার্থীদের জন্য ২০০/- টাকা হারে জমা প্রদানের রশিদ আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।
- ৬। শিক্ষার্থীর সংখ্যা ০৫ জনের বেশী হলে সফটকপি ওয়ার্ড ফাইলে (সিডি) করে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।


  
(মোঃ আক্তারউজ্জামান)  
পরিচালক (কারিকুলাম)

স্মারক নং-বাকাশিবে/ক(ডিপ্রোমা)/২০১৬/৬২৬০(৫ম)

তারিখঃ ০৫/০২/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
  - ২। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
  - ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪-৫০৫.....।  
৫০৬। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।  
৫০৭। নথি।

  
(মোঃ মোস্তাফিজুর রহমান খান)  
কারিকুলাম বিশেষজ্ঞ (ডিপ্রোমা)  
ফোনঃ ৯১২৫৩৬৫  
ইমেইলঃ bteb.dip@gmail.com